আপনার সন্তানের স্কুলকে মূল্যায়ন ও তার শিক্ষার উন্নতির চারটি উপায়

শরৎ ২০০৭

প্রিয় নিউ ইয়র্ক সিটি শিক্ষার্থীদের পরিবারবর্গ,

ডিপার্টমেন্ট অব এডুকেশনের 'শিশুরাই প্রথম' স্কুল সংস্কারের ক্ষেত্রে শিক্ষার্থীর অর্জনকেই এক নম্বর অগ্রাধিকার দেওয়া হয়। আমাদের প্রতিদিনকার লক্ষ্য শিক্ষার্থীদের শিক্ষিত করে তোলা। এ লক্ষ্য পূরণে আমাদেরকে অবশ্যই ছেলেমেয়েদের সাফল্য নিশ্চিত করার জন্য আমাদের স্কুল, আমাদের শিক্ষকমন্ডলী ও আমাদের নিজেদেরকে দায় নিতে হবে। গত বছর, আমরা শিক্ষক ও আপনাকে সাহায্য করতে জবাবদিহিতার চারটি নতুন পদ্ধতি সৃষ্টি করেছি:

- আপনার সন্তানের স্কুল প্রতিবছর আপনার সন্তানের শিক্ষার কতটা উন্নতিসাধন করছে তার মূল্যায়ন করা
- গুরুত্বপূর্ণ শিক্ষাবিষয়ক পরিণতির ক্ষেত্রে সমমানের প্রতিটি স্কুলের কার্যসম্পাদনা তুলনা করা। যেমন কতজন শিক্ষার্থী স্টেটের পরীক্ষায় ও প্রয়োজনীয় কোর্সগুলোতে পাস করেছে এবং স্নাতক হয়েছে।
- প্রতিটি শিক্ষার্থীর নির্দেশনাগত চাহিদা চিহ্নিত করা, প্রতিটি শিক্ষার্থীর শিক্ষণ বৃদ্ধি করা এবং বছরজুড়ে বিভিন্ন চেকপয়েন্টে শিক্ষার্থীদের অগ্রগতির ওপর নজরদারি করা।

চার উপকরণ হলো:

১. অগ্রগতি প্রতিবেদন – এই শরতে প্রথম বারের মতো প্রতিটি স্কুল একটি করে প্রতিবেদন ও লেটার গ্রেড পেয়েছে। এতে ২০০৬-০৭ স্কুল বর্ষ চলাকালীন শিক্ষার্থীর শিক্ষাকে তরান্বিত করার ক্ষেত্রে স্কুলটির সাফল্যের পরিমাপ করা হয়েছে।

২. শিক্ষণ পরিবেশ সমীক্ষা – প্রতিটি স্কুল সম্প্রতি আরও একটি প্রতিবেদন পেয়েছে। প্রথমবারের মতো গত বসন্তে করা বার্ষিক সমীক্ষায় পিতামাতা, শিক্ষকবৃন্দ ও শিক্ষার্থীরা স্কুলের ব্যাপারে কী বলেছে তা এতে উল্লেখ করা হয়েছে।

৩. মান নিরীক্ষা – ২০০৬-০৭ স্কুল বর্ষে প্রতিটি স্কুল অভিজ্ঞ শিক্ষকদের করা একটি সরেজমিন পর্যালোচনা পেয়েছে। এছাড়াও প্রতিটি স্কুল কতটা উন্নত, দক্ষ বা অনুন্নত তার ওপরেও নম্বর পেয়েছে। একইসঙ্গে শিক্ষার্থীর অর্জনে সহায়তার করতে স্কুলটি কতটা দক্ষভাবে সংগঠিত সে ব্যাপারে একটি বিস্তারিত প্রতিবেদন পেয়েছে।

৪. পর্যাবৃত্ত মূল্যায়ন –প্রতিটি শিক্ষার্থীর সক্ষমতা ও দুর্বলতা চিহ্নিত করতে এ বছর প্রতিটি স্কুলকে ঝুঁকিবিহীন মূল্যায়ন দেওয়া হচ্ছে, যাতে করে শিক্ষকরা শিক্ষার্থীর ব্যক্তিক শিক্ষানির্দেশনা চাহিদা অত্যন্ত ভালোভাবে পূরণ করতে পারে।

স্কুলগুলো কতটা ভালোভাবে শিক্ষার্থীদের শিক্ষা ও অগ্রগতিতে সহায়তা করছে – তা নিজেদের চোখে দেখার জন্য এসব প্রতিবেদন পরিবারবর্গের কাছে প্রদান করা হচ্ছে। নিচে আরো বিস্তারিতভাবে প্রতিবেদনগুলোর বর্ণনা করা হয়েছে। প্রতিটি শিশুর শিক্ষার উন্নয়নে এসব উপকরণ ব্যবহারে শিক্ষক ও পরিবারবর্গকে সহায়তা করতে শিক্ষা বিভাগ অঙ্গীকারাবদ্ধ। এ লক্ষ্যপূরণে আমরা আপনার সঙ্গে কাজ করার প্রতীক্ষায় রয়েছি।

অগ্রগতি প্রতিবেদনসমূহ

লক্ষ্য: অগ্রগতির প্রতিবেদন শিক্ষাথীর প্রাতিষ্ঠানিক অগ্রগতিতে প্রতিটি স্কুলের অবদানের পরিমাপ করে। প্রতিটি শিক্ষার্থী কোন জায়গা থেকে নিপুণতার দিকে তার (ছেলে/মেয়ে) যাত্রা শুরু করে এটা কোনো বিয়ষ নয়। প্রতি শরতে প্রতিটি স্কুল একটি করে অগ্রগতি প্রতিবেদন পাবে। এতে শিক্ষাথীর অগ্রগতিতে সহায়তা করার ক্ষেত্রে স্কুলের সাফল্যের উপর ভিত্তি করে এ, বি, সি ডি, অথবা এফ গ্রেড প্রদান করা হবে।

গুরুত্বপূর্ণ তথ্য: অগ্রগতি প্রতিবেদন তিনটি ক্ষেত্রে স্কুলগুলোর মূল্যায়ন করে:

১. স্কুল পরিবেশ শিক্ষাথীর শিক্ষার জন্য প্রয়োজনীয় শর্তসমূহ মূল্যায়ন করে: উপস্থিতি, নিরাপত্তা এবং শ্রদ্ধা, প্রাতিষ্ঠানিক প্রত্যাশা, পিতামাতা/শিক্ষক/শিক্ষাথী সংশ্লিষ্টকরণ, এবং যোগাযোগ (শিক্ষণ পরিবেশ জরিপ থেকে প্রাপ্ত শেষ চারটি বিষয়ে উপাত্ত)
২. শিক্ষাথীর কার্যসম্পাদনা (১) প্রাথমিক ও মিড্‌ল্ স্কুলগুলোর জন্য ইংরেজি ভাষা শৈলী ও গণিতে শিক্ষাথীর দক্ষতার স্তর মূল্যায়ন করে অথবা (২) হাই স্কুলগুলোর জন্য শিক্ষাথীদের গ্র্যাজুয়েট বানাতে একটি স্কুলের সাফল্য মূল্যায়ন করে
৩. শিক্ষাথীর অগ্রগতি (১) প্রাথমিক ও মিড্‌ল স্কুলগুলোর জন্য এক বছর থেকে পরবতী বছরে ইংরেজী ভাষা শৈলী ও গণিতে শিক্ষাথীর গড় উন্নতি মূল্যায়ন করে অথবা (২) হাই স্কুলগুলোর জন্য গ্র্যাজুয়েশনের পথে শিক্ষাথীর বার্ষিক উন্নতি মূল্যায়ন করে

উচ্চচাহিদাসম্পন্ন শিক্ষাথীদের উল্লেখযোগ্য সাফল্য অর্জনে সক্ষম করে তোলার জন্য স্কুলগুলোকে অতিরিক্ত স্বীকৃতিও দেয়া হয়।

প্রতিটি ক্ষেত্রে একটি স্কুলের কার্যসম্পাদনা শহরভিত্তিক একই গ্রেড পাওয়া সবগুলো স্কুলের নৈপুণ্যের সঙ্গে এবং সমসংখ্যক শিক্ষাথী নিয়ে পরিচালিত যে ৪০টি স্কুল রয়েছে তার সঙ্গে তুলনা করা হয়।

এটা আপনার শিক্ষাথী ও আপনার স্কুলের জন্য কী অর্থ বহন করে: স্কুলগুলো তাদের অগ্রগতি প্রতিবেদনের গ্রেডের ওপর ভিত্তি করে পুরস্কৃত হয় বা পরিণতি ভোগ করে। পুরস্কারের মধ্যে রয়েছে আর্থিক পুরস্কার। পরিণতির মধ্যে রয়েছে উন্নতি প্রচেষ্টা এবং প্রচেষ্টা যখন ব্যর্থ হবে তখন স্কুল বন্ধ হয়ে যাবে। স্কুলগুলোর মধ্য থেকে কোনো একটি স্কুল পছন্দ করতে এবং যেসব ক্ষেত্রে তাদের স্কুল ভালো নৈপুণ্য প্রদর্শন করছে এবং যে সব ক্ষেত্রে তাদের স্কুলের উন্নতি করতে হবে সে সব ক্ষেত্র চিহ্নিত করতে পরিবারগুলো অগগ্রতি প্রতিবেদন ব্যবহার করতে পারবে।

শিক্ষণ পরিবেশ সমীক্ষা

লক্ষ্য: একটি স্কুলের শিক্ষণ পরিবেশ কীভাবে শিক্ষাথীদের সাফল্যে সহায়তা করে পিতামাতা, শিক্ষকবৃন্দ ও শিক্ষাথীরাই তা সবচেয়ে ভালো জানেন। আপনার এবং স্কুল কম্যুনিটির অন্যান্য সদস্যদের দেওয়া মতামতের ভিত্তিতে বার্ষিক সমীক্ষা ও সমীক্ষা প্রতিবেদন একটি স্কুলের শিক্ষণ পরিবেশ তুলে ধরে।

গুরুত্বপূর্ণ তথ্য: ২০০৭ সালের বসন্তে ডি. ই. ও. পিতামাতা, শিক্ষকবৃন্দ এবং ৬–১২ গ্রেডের শিক্ষাথীদের কাছে সমীক্ষা বিতরণ করেছিল। একটি স্কুলের শিক্ষণ পরিবেশের চারটি মূল দিকের ওপর জরিপে আলোকপাত করা হয়েছে:

১. নিরাপত্তা এবং শ্রদ্ধা
২. প্রাতিষ্ঠানিক প্রত্যাশা
৩. পিতামাতা/শিক্ষক/শিক্ষাথী সংশ্লিষ্টকরণ
৪. যোগাযোগ

এসব সমীক্ষার ফল আপনার সন্তানের স্কুলকে অগ্রগতি প্রতিবেদনে মানসম্মত গ্রেড পেতে সহায়তা করবে।

এটা আপনার শিক্ষাথী ও আপনার স্কুলের জন্য কী অর্থ বহন করে: সমীক্ষা প্রতিবেদনে সরবরাহকৃত তথ্য আপনার সন্তানের স্কুল তার (স্কুলের) শিক্ষণ পরিবেশ উন্নয়নে ব্যবহার করতে পারে। সামগ্রিক শিক্ষা পরিকল্পনা প্রণয়নে স্কুল লিডারশিপ টিম এবং অনুসন্ধানী দল জরিপ প্রতিবেদন ব্যবহার করতে পারে। শিক্ষক, শিক্ষাথী, ও স্কুল নেতাদের সঙ্গে একসঙ্গে কাজ করে পিতামাতারা তাদের সন্তানদের শিক্ষায় সহায়তার জন্য তাদের স্কুলে কী কী পরিবর্তন প্রয়োজন তা চিহ্নিত করতে জরিপের ফল ব্যবহার করতে পারেন। পরবতী বার্ষিক জরিপ চালানো হবে আসছে বসন্তে।

মান নিরীক্ষা

লক্ষ্য: অভিজ্ঞ শিক্ষকরা প্রতি বছর স্কুলগুলোর বহু-দৈনিক নিরীক্ষণ পরিচালনা করেন। প্রতিটি স্কুলের নিজস্ব মুল্যায়ন এবং প্রিন্সিপ্যাল, শিক্ষকবৃন্দ, কর্মী, শিক্ষার্থী ও পিতামাতাদের পর্যবেক্ষণে ওপর ভিত্তি করে এসব নিরীক্ষণ করা হয়। স্কুল ও ক্লাসরুমগুলো কতটা ভালোভাবে সংগঠিত এবং প্রতিটি শিক্ষার্থীর অর্জন উন্নয়নে কিভাবে পরিচালিত হচ্ছে মান নিরীক্ষা তার ওপরে আলোকপাত করে।

গুরুত্বপূর্ণ তথ্য: নিরীক্ষণকারীরা প্রতিটি স্কুলে কি দেখেছেন এবং সেখানকার জীবন কেমন তা মান নিরীক্ষা প্রতিবেদন তা বর্ণনা করে। নিরীক্ষা প্রতিবেদন শহরের অন্যান্য স্কুলের সঙ্গে তুলনা করে স্কুলটির মূল্যায়ন করে, দৃষ্টান্তমূলক কাজ ও শিক্ষার্থীর অগ্রগতির ওপর আলোকপাত করে এবং উন্নতির জন্য নির্দিষ্ট পরামর্শসহ যে সব ক্ষেত্রে উন্নতি সম্ভব সে সব ক্ষেত্র চিহ্নিত করে।

এটা আপনার শিক্ষার্থী ও আপনার স্কুলের জন্য কি অর্থ বহন করে: মান নিরীক্ষা প্রতিবেদন আলোকপাত করে কতটা ভালোভাবে স্কুল:

- প্রতিটি শিশু কীভাবে নৈপুণ্য দেখাচ্ছে তা জানে
- প্রতিটি শিশুর শিক্ষা ও প্রাতিষ্ঠনিক অর্জন উন্নয়নে পরিকল্পনা করে এবং লক্ষ্য স্থির করে
- ওই সমস্ত প্রাতিষ্ঠানিক লক্ষ্যসমূহ পূরণে তার প্রাতিষ্ঠানিক কর্মসূচিসমূহ ব্যবহার করে
- লক্ষ্যসমূহ পূরণে পেশাগত ও নেতৃত্ব উন্নতি এবং শিক্ষাথী সহায়তা পরিষেবার (প্রাতিষ্ঠানিক ও ব্যক্তিগত নির্দেশনা, বাইরের সংগঠনের সঙ্গে অংশীদারিত্ব) পরিকল্পনা করে
- সারা বছর ধরে প্রতিটি শিক্ষার্থীর অগগ্রতি পর্যবেক্ষণ করে এবং প্রতিটি শিক্ষাথী পরিকল্পনা মাফিক উন্নতি করছে এটা নিশ্চিত করতে প্রয়োজনীয় পরিবর্তন সাধন করে।

পর্যাবৃত্ত মূল্যায়ন

লক্ষ্য: শিক্ষাথীর শিক্ষানির্দেশনাকে সহায়তার উপকরণসমূহ হলো পর্যাবৃত্ত মূল্যায়ন। যে সব বিষয় সম্পর্কে শিক্ষার্থীরা ইতিমধ্যেই জানে এবং যে সব ক্ষেত্রে শিক্ষাথীদের অতিরিক্ত সহায়তার প্রয়োজন সে সব বিষয় সম্পর্কে এসব উপকরণ শিক্ষক, পিতামাতা ও শিক্ষাথীদের সময়মতো ও বিস্তারিত তথ্য সরবরাহ করে। স্কুল এবং প্রিন্সিপ্যাল ও শিক্ষকবৃন্দের গ্রেড প্রদান করতে এসব মূল্যায়নসমূহ ব্যবহৃত হয় না।

গুরুত্বপূর্ণ তথ্য: স্কুলগুলো তাদের শিক্ষার্থীদের শিক্ষার চাহিদা পূরণে সবচেয়ে মানানসই মূল্যায়নটি বেছে নিতে পারে। পর্যাবৃত্ত মূল্যায়নের সরবরাহ করা তথ্যের মাধ্যমে শিক্ষকরা পিছিয়ে পড়ার আগেই পিছিয়ে পড়তে পারে এমন শিক্ষাথীকে খুঁজে বের করতে ও তাদেরকে সহায়তা করতে পারবে। একইসঙ্গে শিক্ষকরা এগিয়ে যাওয়া শিক্ষাথীদের শিক্ষাকে তরান্বিত করতে এবং শিক্ষাথীদের সম্ভাবনার সর্বোচ্চ বিকাশ ঘটাতে অর্জনে সহায়তা করতে পারবেন।

এই কর্মসূচি আপনার শিক্ষাথী ও আপনার স্কুলের জন্য কি অর্থ বহন করে:

- তৃতীয় গ্রেড থেকে হাই স্কুল পর্যন্ত ইংরেজি ভাষা শৈলী ও গণিত উভয় ক্ষেত্রে বছরে পাঁচবার পর্যন্ত পর্যাবৃত্ত মূল্যায়ন করা হয়ে থাকে। গ্রেড কে-২'তে সাক্ষরতা মূল্যায়নও করাও হয়ে থাকে।
- আপনার সন্তানের পর্যাবৃত্ত মূল্যায়নের ফল ও অগ্রগতি সম্বলিত প্রতিবেদন আপনাকে দেওয়ার জন্য এবং এসব পরিণতির তাৎপর্যতা নিয়ে পিতামাতা-শিক্ষক বৈঠকে ও বছরের অন্যান্য সময়ে আপনার সঙ্গে আলোচনা করতে স্কুলগুলোকে উৎসাহিত করা হয়েছে।
- অনেক স্কুলে 'একুইটি' নামে একটি ব্যবহার-বান্ধব ওয়েবসাইটের মাধ্যমে ফল দেখা যাবে। একজন অভিভাবক হিসেবে আপনি 'একুইটি'তে দেওয়া প্রতিবেদন ব্যবহার করতে পারেন এবং আপনার শিশুর অগ্রগতি দেখার জন্য ও উন্নতির জন্য কৌশলসমূহ নিয়ে আপনার শিশুর শিক্ষকের সঙ্গে আলোচনা করতে স্কুল কর্তৃক সরবরাহ করা প্রতিবেদন ব্যবহার কতে পারেন। স্কুলে 'একুইটি' মূল্যায়ন ব্যবহারকারী সকল শিক্ষাথীর একটি লগইন নাম ও পাসওয়ার্ড থাকবে, যা শিক্ষাথী ও তাদের পিতামাতারা এসব প্রতিবেদন দেখার জন্য ব্যবহার করতে পারেন।

এসব প্রতিবেদনের কপি কিভাবে পাওয়া যাবে

এ বছর থেকে পিতামাতা-শিক্ষক বৈঠকের সময় পরিবারগুলোকে প্রতিবেদন প্রদান করা হবে।

প্রতিবেদন অনলাইনেও পাওয়া যাবে। স্কুল প্রতিবেদন ইংরেজিতে পেতে অনুগ্রহ করে এসব ধাপ অনুসরণ করুন:

১. নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশনের ওয়েব সাইটে www.nyc.gov/schools যান।

২. পৃষ্ঠার মাঝখানে সবুজ সেকশনে যেখানে বলা আছে 'স্কুল খুঁজুন' (FIND A SCHOOL) সেখানে স্কুল কোড বা স্কুলের নাম লিখুন। এতে করে আপনি স্কুলের ওয়েবপেজে চলে যাবেন।

৩. পৃষ্ঠার বাম দিকের 'স্ট্যাটিস্টক্স' (Statistics) শীর্ষক লিঙ্কে ক্লিক করুন।

স্কুলের 'মান নিরীক্ষা' দেখতে নিচের দিকে স্ক্রল করে 'মান নিরীক্ষা প্রতিবেদন' (Quality Review Report) শিরোনামে যান।
স্কুলের 'অগ্রগতি প্রতিবেদন' দেখতে নিচের দিকে স্ক্রল করে 'অগ্রগতি প্রতিবেদন' (Progress Report) শিরোনামে যান।
স্কুলের 'সমীক্ষার ফল' দেখতে নিচের দিকে স্ক্রল করে 'শিক্ষণ পরিবেশ জরিপ প্রতিবেদন ২০০৬-২০০৭' (Learning Environment Survey Report 2006-2007) শিরোনামে যান।

আপনি যে স্কুলের প্রতিবেদন দেখতে চান সে প্রতিবেদনে ক্লিক করুন, সঙ্গে সঙ্গেই তা চলে আসবে। (এ প্রতিবেদন দেখতে হলে আপনার কম্পিউটারে অবশ্যই এডোব অ্যাক্রোবেট প্রোগ্রামটি থাকতে হবে। এটি বিনামূল্যে পাওয়া যায়।)

'অগ্রগতি প্রতিবেদন', 'শিক্ষণ পরিবেশ সমীক্ষা' এবং 'মান নিরীক্ষা'-এর অনূদিত নির্দেশিকাও অনলাইনে http://schools.nyc.gov/Offices/Translation/Languages/Bengali.htm *এই ঠিকানায় পাওয়া যায়।*

আপনার স্কুলের প্যারেন্ট কোঅর্ডিনেটরের সাথে কথা বলে আপনি সকল অনূদিত নির্দেশিকাসহ এসব প্রতিবেদনের অনুলিপিও পেতে পারেন।

আপনি কীভাবে সম্পৃক্ত পারেন

জবাবদিহিতা প্রক্রিয়ায় অংশগ্রহণের মাধ্যমে পরিবারগুলো বিভিন্নভাবে তাদের সন্তানদের স্কুলকে সহায়তা দিতে পারে। এখানে কিছু পরামর্শ দেওয়া হল:

- আপনার সন্তানের স্কুলের জবাবদিহিতা ফল জানুন। জবাবদিহিতা প্রতিবেদনের প্রত্যেকটিতে এটি কতটা ভাল করেছে? এর শক্তিশালী দিকগুলো কী কী? অন্য স্কুলগুলোর তুলনায় এটি কেমন করেছে এবং যেসব স্কুল ভাল করেছে সেগুলো থেকে কী কী শিক্ষণীয় আছে?

- যেসব ক্ষেত্রে আপনার স্কুল যতটা ভাল করতে পারত ততটা করেনি সেসব ক্ষেত্রগুলো চিহ্নিত করুন। আপনার সন্তানের প্রিন্সিপ্যাল, শিক্ষক বা প্যারেন্ট কোঅর্ডিনেটরের সাথে কথা বলুন এবং জানুন তারা কীভাবে উন্নতির পরিকল্পনা করছে।

- পর্যাবৃত্ত মূল্যায়নে আপনার সন্তানের অগ্রগতির খোঁজ করুন। আপনার সন্তানের শিক্ষকদের সাথে উন্নতির কলাকৌশল নিয়ে আলোচনা করুন।

- আপনার স্কুলের 'কোয়ালিটি রিভিউ প্যারেন্ট মিটিং'-য়ে যোগদান করুন। আপনার প্রিন্সিপ্যাল বা প্যারেন্ট কোঅর্ডিনেটরের কাছ থেকে এই মিটিংয়ের সময় ও স্থান সম্পর্কে জেনে নিন।

- আপনার '২০০৭-২০০৮ শিক্ষণ পরিবেশ সমীক্ষা' (শরৎ ২০০৮) ফরম পূরণ করুন।

- আপনার স্কুলের প্যারেন্ট এসোসিয়েশন বা প্যারেন্ট-টিচার এসোসিয়েশন অথবা স্কুল লিডারশিপ টিমের সাথে সংশ্লিষ্ট হোন এবং অন্যান্য পরিবারগুলোকে সংশ্লিষ্ট হতে উৎসাহিত করুন। স্কুল ডিস্ট্রিক্ট পর্যায়ে আপনার 'কম্যুনিটি এডুকেশন কাউন্সিল' বা সিটি ভিত্তিক কাউন্সিলেও আপনি সংশ্লিষ্ট হতে পারেন।